

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
ক্ষেতলাল, জয়পুরহাট

নম্বরঃ ৩১.৪৩.৩৮৫৮.০০০.০৫.০০৩.২৩- ২৫২


তারিখঃ ০৮/০৮/২০২৩ খ্রি.

সরকারি খাস পুকুরের খাস আদায় বিজ্ঞপ্তি

এতদ্বারা ক্ষেতলাল উপজেলার মৎস্য চাষে আগ্রহী সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক ক্ষেতলাল উপজেলাধীন যে সকল সরকারি পুকুর ইজারা/খাস আদায় এখনও হয়নি সে সকল পুকুরগুলো বাংলা ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত (অবশিষ্ট সময়ের জন্য) খাস কালেকশনের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। আগ্রহী সর্বসাধারণকে আগামী ৩১ আগস্ট, ২০২৩ খ্রি, তারিখের মধ্যে উপজেলা ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট-এ প্রতিদিন অফিস চলাকালীন সময়ে এসে সরাসরি ডাকে অংশগ্রহণের মাধ্যমে লীজ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলিঃ

- ০১। পুকুর সমূহ বাংলা ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত (অবশিষ্ট সময়ের জন্য) শুধুমাত্র মৎস্য চাষের জন্য ইজারা প্রদান করা হবে
- ০২। ইজারাকৃত পুকুরের মা মাছ নিধন করা যাবে না
- ০৩। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনভাবেই পুকুরের পরিবর্তন/পরিবর্ধন/পুকুরের পাড়ে অবস্থিত গাছ কর্তন বা কোন স্থাপনা নির্মাণ/অপসারণ বা ক্ষতিসাধন করা যাবে না
- ০৪। ডাককারীকে ডাক গ্রহণের পূর্বে পুকুরের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন পূর্বক ডাকে অংশ গ্রহণ করতে হবে
- ০৫। খাস আদায়যোগ্য পুকুরের তালিকা সহকারী কমিশনার (ভূমি), ক্ষেতলাল এর কার্যালয়ে নোটিশ বোর্ডে অথবা অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে
- ০৬। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন পুকুরের ডাক/লীজ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে
- ০৭। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর যাবতীয় শর্তাবলী, বিজ্ঞপ্তির শর্তাবলী, প্রচলিত মৎস্য আইনসহ যাবতীয় শর্তাবলী প্রতিপালন করতে হবে।

  
(জিন্নাতুল আরা)  
সহকারী কমিশনার (ভূমি)  
ক্ষেতলাল, জয়পুরহাট  
ও  
সভাপতি  
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি  
ক্ষেতলাল, জয়পুরহাট

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জয়পুরহাট
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৫। মেয়র, ক্ষেতলাল পৌরসভা, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৬। উপজেলা..... অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৭। অফিসার ইনচার্জ, ক্ষেতলাল থানা, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৮। চেয়ারম্যান, তুলশিগংগা/বড়তারা/বড়াইল/মামুদপুর/আলমপুর, ক্ষেতলাল, জয়পুরহাট। বিজ্ঞপ্তিট বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ক্ষেতলাল সদর/বড়তারা/বড়াইল/মামুদপুর/আলমপুর ইউনিয়ন ভূমি অফিস, ক্ষেতলাল, জয়পুরহাট। বিজ্ঞপ্তিট মাইক দ্বারা হাট বাজারসহ জনবহুল স্থানে বহল প্রচারের অন্তে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো
- ১০। উপসহকারী কৃষি কর্মকর্তা, ক্ষেতলাল সদর/বড়তারা/বড়াইল/মামুদপুর/আলমপুর ইউনিয়ন, ক্ষেতলাল, জয়পুরহাট।
- ১১। জনাব.....
- ১২। অফিস কপি/নোটিশ বোর্ড